2 6 MAY 2017

যুগান্তর

## বইগুলো পাঠ্যসূচি থেকে বাদ দেয়া উচিত

এ বছর থেকে জেএসসি ও সমমানের তিনটি বিষয় এবং এসএসসি ও সমমানের দুটি বিষয়ের পরীক্ষা শিক্ষা বোর্ডের অধীনে হবে না বলে জানা গেছে। জেএসসি ও সমমানের যে তিনটি বিষয়ের পরীক্ষা হবে না সেগুলো হল শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, চারু ও কারুকলা এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা। আর এসএসসি ও সমমানের যে দুটি বিষয়ের পরীক্ষা হবে না সেগুলো হল শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা। অন্যান্য বিষয়ের পরীক্ষা আগের মতোই হবে। বাতিলকৃত পাঁচটি বিষয়ের নম্বর শিক্ষাপ্রতিষ্ঠানে ধারাবাহিকভাবে মূল্যায়নের মাধ্যমে নির্ধারণ করা হবে। কিন্তু এ নম্বর কোনোভাবেই পাবলিক পরীক্ষার ফলাফলে (গ্রেড) ভূমিকা রাখবে না।

এখন কথা হল, পাবলিক পরীক্ষার ফলাফলে যদি কোনো ভূমিকাই না রাখে, তাহলে বিষয়গুলো পাঠ্য তালিকায় রাখা কি অযৌক্তিক নয়? তাছাড়া এ নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে দুর্নীতি বেড়ে যাবে। না পড়িয়ে বেশি নম্বর দেয়ার জন্য ব্যবহারিক পরীক্ষার মতো টাকা আদায় করবে কিছু অসৎ শিক্ষক ও কর্মচারী। এতে হয়রানির শিকার হবে কোমলমতি শিক্ষার্থীরা। তাই সরকারের উচিত এ পাঁচটি বিষয় পাঠ্যসূচি থেকে একদম বাদ দেয়া। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোহাম্মদ অংকন**
*বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি, ঢাকা*